

## জেএসসি-জেডিসির স্থগিত পরীক্ষাটি হবে ৯ নভেম্বর

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৩ নভেম্বর ২০১৮, ১২:০৬

আপডেট: ০৩ নভেম্বর ২০১৮, ১২:৫৬



১ নভেম্বর থেকে সারা দেশে জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হয়েছে। প্রথম আলো ফাইল ছবি

কাল

রোববার অনুষ্ঠেয় জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত

এ পরীক্ষা ৯ নভেম্বর শুক্রবার সকাল নয়টায় অনুষ্ঠিত হবে। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার প্রথম আলোকে এ তথ্য জানান। তিনি বলেন, মন্ত্রণালয়ের নির্দেশে এ পরীক্ষা স্থগিত করা হয়েছে।

তবে বোর্ডের কর্মকর্তারা জানাতে পারেননি, কেন পরীক্ষা পেছানো হয়েছে।

১ নভেম্বর থেকে সারা দেশে জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু হয়েছে। এবার পরীক্ষার্থী প্রায় পৌনে ২৭ লাখ।